**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ ২৫৭০ তম বুদ্ধ জয়ন্তী, বুদ্ধ পূর্নিমা। রাজ্যেও ভগবান গৌতম বুদ্ধের আবির্ভাব তিথি পালিত হচ্ছে।**

**(২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, ভগবান বুদ্ধের জ্ঞান ২৫০০ বছর পরেও প্রাসঙ্গিক।**

**(৩) আজ মে দিবস ।রাজ্যেও নানা অনুষ্ঠানে উদযাপিত ।**

**(৪) অনলাইন অর্থভিত্তিক গেমিংয়ের ঝুঁকি রুখতে কেন্দ্রীয় সরকার নতুন বিধি জারি করেছে।**

*******************************************************

## Buddha Jayanti:

আজ ২৫৭০ তম বুদ্ধ জয়ন্তী, বুদ্ধ পূর্নিমা। রাজ্যেও যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শান্তি অহিংসার পূজারী বৌদ্ধ ধর্মের প্রবর্তক ভগবান গৌতম বুদ্ধের আবির্ভাব তিথি পালিত হচ্ছে। মূল অনুষ্ঠানটি হচ্ছে আগরতলার বেণুবন বিহার বুদ্ধ মন্দির বা বুদ্ধ মঠে। বেণুবন বিহার বৌদ্ধ মঠের প্রধান ভান্তে ডঃ খেমচেরা জানিয়েছেন, সকালে বুদ্ধ পূজার মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুরু হয়। এর আগে সকালে বৌদ্ধ সন্নাসীদের নিয়ে শহরে প্রভাত ফেরী অনুষ্ঠিত হয়। বেণুবন বিহার বৌদ্ধ মঠ আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে।

****************************

## Buddha Jayanti-Governor:

আগরতলার বেনুবন বিহার বুদ্ধ মন্দিরে আজ বিকেলে এক আলোচনা সভায় রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেন, আজকের বিশ্ব এক অস্থিরতার সম্মুখীন। এই কঠিন সময়ে, পরম আলোকিত ও সীমাহীন করুণাময় বুদ্ধের বাণীগুলি মানবতার জন্য জরুরি। তিনি বলেন, প্রেম, করুণা ও শান্তির অনুসারী হিসাবে ত্রিপুরার বৌদ্ধ ধর্মাবলম্বীরা সর্বদাই এই মহৎ আদর্শের এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছেন|

বেনুবন বিহার বৌদ্ধ মঠের মঠাধ্যক্ষ ভান্তে ডঃ খেমচেরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশের ধারনার কথা উল্লেখ করে কেন্দ্রীয় সরকারের উত্তরপূর্বাঞ্চল বৌদ্ধ সার্কিটে আগরতলার বেনুবন বিহার বৌদ্ধ মঠ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। বক্তব্য রাখেন, ত্রিপুরার রাজ পরিবারের সদস্য প্রদ্যোৎ বিক্রম দেববর্মা, অধ্যাপক গৌতম চাকমা, বৌদ্ধ ভিক্ষু ভি চন্দ্রশেখর মহাথেরু। অনুষ্ঠানে দুই প্রবীন বৌদ্ধ ধর্মাবলম্বী শ্রুত রঞ্জন খিসা ও হৃদয় বরুয়াকে সংবর্ধনা জানানো হয়|

****************************

**Budha purnima -South:**

বুদ্ধপূর্নিমা উপলক্ষে দক্ষিণ জেলার জোলাইবাড়ি, বাইখোড়া, মনু বনকুলে শোভাযাত্রার আয়োজন করা হয়|কলসীর মধু মগ পাড়া বৌদ্ধ বিহারে বৃক্ষরোপন ও জল দান অনুষ্ঠানের আয়োজন করা হয়|উপস্থিত ছিলেন বৌদ্ধ ভিক্ষু ভ্যান চন্দ্র স্থুরিয়া| সাব্রুমের চালিতা বনকুল বুদ্ধ বিহারে বনকুল জোন ভিত্তিক বুদ্ধ পূর্ণিমা উদযাপন অনুষ্ঠানে উপস্হিত ছিলেন বিধায়ক মা'ইলাফ্রু মগ|

****************************

**Buddha Jayanti-UNAKOTI :**

ঊনকোটি জেলাতেও ভক্তি ও শ্রদ্ধায় এবং ধর্মীয় রীতিনিয়ম মেনে আজ পালিত হচ্ছে ভগবান গৌতম বুদ্ধের জন্মজয়ন্তী। এই উপলক্ষ্যে বিভিন্ন বুদ্ধ বিহারে বিশ্ব বুদ্ধ পতাকা উত্তোলন, বুদ্ধ পূজা, সংঘদান, ত্রিপিটক পাঠ এবং ভগবান গৌতম বুদ্ধের জীবনাদর্শ নিয়ে আলোচনা করা হয়। সন্ধ্যায় আকাশ প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। ঊনকোটি জেলার পেঁচারথলের উদয়ন বুদ্ধ বিহার, জেতবন বুদ্ধ বিহার, মাছমারা'র ধর্মরাজিকা বুদ্ধ বিহার, নবীনছড়ার তৃষিতপুরী বুদ্ধ বিহার,কুমারঘাটের জগৎজ্যোতি বুদ্ধ বিহারে ধর্মপ্রাণ মানুষের উপস্থিতি ছিল লক্ষণীয়।

****************************

**Buddha Jayanti-Amit Shah:**

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ লেহ'র জীবাতসালে বুদ্ধের পবিত্র প্রদর্শনীর উদ্বোধন করেছেন। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে লাদাখের জনগণকে শুভেচ্ছা জানিয়ে শ্রী শাহ বলেন, ভগবান বুদ্ধের জ্ঞান ২৫00 বছর পরেও প্রাসঙ্গিক। তিনি বলেন, এটি শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, একটি ঐতিহাসিক পুনর্মিলন। শ্রী শাহ  উল্লেখ করেন, শুধুমাত্র লাদাখ এবং কার্গিলের ভগবান বুদ্ধের অনুসারীরাই নয়, অন্যান্য ধর্মের অনুসারীরাও ভগবান বুদ্ধের পবিত্র প্রদর্শনী থেকে শক্তি পাবেন।

########Byte Amit Shah########

****************************

**May Day – CPIM:**

আজ মে দিবস তথা আন্তর্জাতিক শ্রমিক সংহতি দিবস| এই উপলক্ষে আজ আগরতলায় মেলারমাঠস্থিত সিপিআইএম রাজ্য কার্যালয়ে এক অনুষ্ঠানের

আয়োজন করা হয়| অনুষ্ঠানে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী মে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন|

আগরতলায় সিআইটিইউ রাজ্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিআইটিইউ রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত, শ্রমিক নেতা অমল চক্রবর্তী তপন দাস প্রমূখ |তাঁরা মে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন|

এসইউসিআই'র উদ্যোগে বটতলায় মে দিবস উদযাপন করা হয়।

****************************

**Manik Sarkar:**

আগরতলায় সিআইটিইউ'র উদ্যোগে এক জমায়েতে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ও সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী মে দিবসের তাৎপর্য উল্লেখ করে বক্তব্য রাখেন| তাঁরা শ্রমজীবীদের অধিকার সম্পর্কেও আলোকপাত করেন|

****************************

**May Day– South:**

সিআইটিইউ-র উদ্যোগে আজ দক্ষিন জেলার বিলোনিয়া, শান্তিরবাজার ও সাব্রুম মহকুমার বিভিন্ন স্থানে আন্তর্জাতিক শ্রমিক সংহতি দিবস পালন করা হয়|

যোগেন্দ্রনগরে সিপিআইএম-এর উদ্যোগে প্রভাতফেরি অনুষ্ঠিত হয়। ইউনাইটেড ফোরাম অফ ব্যাংক ইউনিয়ন রাজ্য কমিটির উদ্যোগে মে দিবস উপলক্ষে আজ আগরতলা প্রেসক্লাবে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

****************************

**Mansukh Mandaviya:**

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া মে দিবস উপলক্ষে শ্রমজীবি জনগনকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার শ্রমজীবীদের সম্মান, নিরাপত্তা, অধিকার এবং সামাজিক কল্যাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। শ্রম সংস্কার, সামাজিক সুরক্ষা প্রকল্প এবং নতুন শ্রম আইনগুলির কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, সরকার শ্রমজীবীদের জীবনকে আরও সুরক্ষিত, মর্যাদাপূর্ণ এবং ক্ষমতায়িত করার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Online Gaming:**

অনলাইন অর্থভিত্তিক গেমিংয়ের ঝুঁকি রুখতে এবং ই-স্পোর্টস ও সামাজিক গেমিং-এর ক্ষেত্রে স্বচ্ছতা আনতে কেন্দ্রীয় সরকার নতুন বিধি জারি করেছে।

ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক জানিয়েছে, প্রমোশন অ্যান্ড রেগুলেশন অব অনলাইন গেমিং আইন, ২০২৫-এর আওতায় প্রণীত অনলাইন গেমিংয়ের প্রসার ও নিয়ন্ত্রণ বিধি, ২০২৬ আজ থেকে কার্যকর হয়েছে। সরকারের মতে, এই উদ্যোগ ভারতের গেমিং শিল্পকে শক্তিশালী করার পাশাপাশি ব্যবহারকারীদের সুরক্ষা নিশ্চিত করবে। নতুন বিধি অনুযায়ী, অনলাইন গেম অর্থভিত্তিক কি না, তা নির্ধারণের জন্য একটি স্বচ্ছ ও সময়বদ্ধ প্রক্রিয়া চালু করা হয়েছে। এই উদ্দেশ্যে গঠন করা হয়েছে অনলাইন গেমিং অথরিটি অব ইন্ডিয়া, যা অনলাইন মানি গেমের তালিকা প্রকাশ, অভিযোগের তদন্ত এবং প্রয়োজনীয় নির্দেশ জারি করবে।

****************************

**BSF:**

দেশের সেবায় আত্মোৎসর্গকারী এক বীর সেনানীর স্মৃতির উদ্দেশ্যে আগরতলায় শালবাগানে বিএসএফ ফ্রন্টিয়ার সদর দপ্তরে 'শিশির বাটিকা'র উদ্বোধন করা হয়।বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল অলোক কুমার চক্রবর্তী গতকাল 'শিশির বাটিকা'-র উদ্বোধন করেন| ১৯৯৯ সালে জম্মু ও কাশ্মীরের বান্দিপোরায় শিশির কুমার চক্রবর্তী দেশের সুরক্ষায় নিজের জীবন উৎসর্গ করেন। তাঁর সাহস, কর্তব্যনিষ্ঠা এবং দেশের প্রতি অটল দায়বদ্ধতাকে সম্মান জানাতেই এই উদ্যোগ।

****************************

**Dharmanagar- BNSS :**

আগামী চৌঠা মে পিএম-শ্রী ধর্মনগর সরকারি বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সকাল ৮টা থেকে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোটগণনা করা হবে। গণনাপর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী গণনাকেন্দ্রের ১00 মিটার এলাকার মধ্যে কিছু বিধি নিষেধ আরোপ করেছেন। এই আদেশ চৌঠা মে সকাল ৬টা থেকে কার্যকর হবে এবং গণনার কাজ শেষ না হওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

****************************

**GST:**

গত এপ্রিল মাসে পণ্য ও পরিষেবা কর (জিএসটি)-এর মোট সংগ্রহ সর্বকালের সর্বোচ্চ রেকর্ড ছুঁয়েছে, যা গত বছরের এপ্রিল মাসের তুলনায় ৮.৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মোট জিএসটি সংগ্রহের পরিমাণ দুই লক্ষ ৪২ হাজার কোটি টাকার বেশি রেকর্ড করা হয়েছে, যা গত বছর একই মাসে ছিল দুই লক্ষ ২৩ হাজার কোটি টাকার বেশি।

****************************

**Commercial-Cylinder:**

গতকাল মধ্যরাত থেকে ১৯ কিলোগ্রামের বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম বেড়ে হয়েছে ৩ হাজার ২০২ টাকা। সিলিন্ডার পিছু দাম বাড়লো ৯৯৩ টাকা। সরকারী সুত্রে এখবর জানা গেছে|

****************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, সিপাহীজলা ও খোয়াই জেলায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ১৮.৬ মিলিমিটার।

****************************

****************************